# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 10 April, 2025

দ্বিতীয়বারের মতো চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২৫ এর তফশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন।তফশিল অনুযায়ী, আগামী ১৬ এপ্রিল সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত আইনজীবী সমিতির অডিটোরিয়ামে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (৮ এপ্রিল) নির্বাচনের উদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিশনের কর্মকর্তারা এ তফসিল ঘোষণা করেন।

তফশিল অনুযায়ী, বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয়ে বার লাইব্রেরি থেকে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।শুক্রবার দুপুর ২টা থেকে বিকেল ৪টার মধ্যে মনোনয়নপত্র জমা দিতে হবে।

শনিবার (১২ এপ্রিল) দুপুর ১২টা থেকে বিকেল ৪টার মধ্যে মনোনয়নপত্র বৈধতা সংক্রান্ত আপত্তি শুনানি ও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

আইনজীবী সমিতি সূত্রে জানা গেছে, গত ১৮ মার্চ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন গঠন করে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির এডহক কমিটি।এতে মূখ্য নির্বাচনী কর্মকর্তা করা হয় অ্যাডভোকেট তারিক আহমেদকে।আর আইনজীবী মো. মাসুদুল আলম, মুহাম্মদ কবির হোসাইন, মোহাম্মদ শাহাদাত হোসেন এবং মোহাম্মদ সেলিম উদ্দিন শাহীনকে নির্বাচনী কর্মকর্তা করা হয়।

উল্লেখ্য, গত ১০ ফেব্রুয়ারি চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।নির্বাচন উপলক্ষে গেল বছরের ৩০ ডিসেম্বর প্রথম দফায় নির্বাচন কমিশন গঠন করা হয়েছিল।পরবর্তীতে ওই নির্বাচন কমিশন বাতিল করে ফের চলতি বছরের ১৪ জানুয়ারি নির্বাচন কমিশন গঠন করে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির কার্যকরী কমিটি।নির্বাচনে ২১টি পদের জন্য ৪০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করার কথা ছিল।ভোটাধিকার প্রয়োগের কথা ছিল মোট ৫ হাজার ৪০৪ আইনজীবীর।

আওয়ামী লীগ এবং বিএনপিপন্থী আইনজীবীদের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতিকে কেন্দ্র করে নির্বাচনের মাত্র ৬ দিন আগে মুখ্য নির্বাচনী কর্মকর্তাসহ পূর্ণ কমিশন পদত্যাগ করেছিলেন।পরবর্তীতে চট্টগ্রাম আইনজীবী সমিতি ১৩২ বছরের ইতিহাসে এবারই প্রথম অ্যাডহক কমিটির পথে হেঁটেছে।

এরপর ১৬ ফেব্রুয়ারি অ্যাডভোকেট মকবুল কাদের চৌধুরীকে আহ্বায়ক করে অ্যাডভোকেট শামসুল আলম, সৈয়দ আনোয়ার হোসেন, জহুরুল আলম ও রফিক আহাম্মদকে সদস্য করে পাঁচ সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করা হয়।নিয়ম অনুযায়ী, ৬০ দিনের মধ্যে এই কমিটি নির্বাচন আয়োজন করার কথা।

চট্টগ্রাম বার বারের নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:56

URL: https://timestodaybd.com/public/chittagong/578775807